


Jobindiagroup

# রাজ্য পুলিশে ৩৩০ সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

*প্রথম পাতার পর*

উপজাতিদের ক্ষেত্রে ৪৫ কেজি)। **সার্জেন্ট**: উচ্চতা: ১৭৩ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। বুকের ছাতি: ৮৬ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৮১ সেমি)। বুকের ছাতি: অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। ওজন: ৬০ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫৪ কেজি)।

**বয়স**: ১-১-২০২১ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৩২,১০০-৮২,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল লিখিত পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে পরবর্তী পরীক্ষাগুলি দেওয়ার ছাড়পত্র মিলবে। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল স্টাডিজ (১০০ নম্বর), অ্যারিথমেটিক (৫০ নম্বর) এবং লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (৫০ নম্বর)। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট পদের ক্ষেত্রে ৩ মিনিটে ৮০০ মিটার এবং মহিলা সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ২ মিনিটে ৪০০ মিটার দৌড়।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ফাইনাল লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে তিনটি পেপারে, এই সব বিষয়ে— জেনারেল স্টাডিজ, অ্যারিথমেটিক, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং, ইংলিশ এবং বাংলা/হিন্দি/উর্দু/নেপালি। মোট সময়সীমা ৪ ঘণ্টা।

লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে ইন্টারভিউয়ের জন্য।

দরখাস্ত করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in অথবা www.kolkatapolice.gov.in. অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে, অবশ্যই সাদা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে) এবং ১.৭×৯.২ সেমি মাপের সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত সাবমিট করার পর ইউনিক অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর-সহ এটির একটি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৯ অগস্ট।

অফলাইন আবেদনের ক্ষেত্রে উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে দরখাস্তের বয়ান যথাযথ ভাবে পূরণ করে 'সেভ অ্যান্ড ডাউনলোড'-এ ক্লিক করলে অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর ও বার কোড-সহ পূরণ করা দরখাস্তটি দেখা যাবে। এটির প্রিন্ট আউট নেবেন এবং এর নির্দিষ্ট জায়গায় প্রার্থীর পাসপোর্ট মাপের ছবি সেঁটে দেবেন। ফি জমা দেওয়ার নথি-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট ৩২×২২ সেমি মাপের খামে ভরে পাঠাতে হবে এই ঠিকানায়: The Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th Floor, 6th Cross Road, Block -DJ, Sector - II, Salt Lake City, Kolkata - 700 091. দরখাস্ত ভরা খামের উপর এই নিয়োগের নাম (RECRUITMENT TO THE POST OF SUB-INSPECTOR/ SUB-INSPECTRESS (UNARMED BRANCH) AND SERGEANT IN KOLKATA POLICE - 2021), পদের নাম (SUB-INSPECTOR/SUB-INSPECTRESS (UNARMED BRANCH)/ SERGEANT) এবং অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর লিখবেন। দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ১৯ অগস্ট।

সব ক্ষেত্রেই প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৭০ টাকা (পশ্চিমবঙ্গের তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ফি বাবদ ২০ টাকা)। সব ক্ষেত্রেই ব্যাঙ্কিং অথবা সার্ভিস চার্জ অতিরিক্ত।

অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেবেন— ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ভারত কিউ আর বা ইউ পি আই অ্যাপ বা ই-ওয়ালেটের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। নিজের কাছে রাখবেন।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেবেন— ইন্ডিয়া পোস্ট চালানের মাধ্যমে ই-পেমেন্ট সুবিধাযুক্ত কোনও পোস্ট অফিসে, 'West Bengal Police Recruitment Board'-এর অনুকূলে। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্টটি দরখাস্তের প্রিন্ট আউটের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

অনলাইন ও অফলাইন উভয় ক্ষেত্রেই ফি জমা দিতে পারেন— ডাউনলোড করে নেওয়া পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করার ২টি কাজের দিনের মধ্যে ফি জমা দিতে হবে সংশ্লিষ্ট ব্যাঙ্কের যে-কোনও ব্রাঞ্চে। অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দিয়ে পাওয়া চালানের রিক্রুটমেন্ট বোর্ডের অংশটি দরখাস্তে সেঁটে দেবেন।

কেবল যেসব অনলাইন আবেদনকারী চালানের মাধ্যমে অফলাইনে ফি জমা দেবেন, তাঁদের ক্ষেত্রে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ অগস্ট।

এছাড়াও পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্বীকৃত সহজ রিটেল কেন্দ্রের মাধ্যমে অনলাইন বা অফলাইন দরখাস্ত করতে পারেন। অনলাইন দরখাস্তের ক্ষেত্রে ২৩ টাকা এবং অফলাইন দরখাস্তের ক্ষেত্রে ১০ টাকা সার্ভিস চার্জ হিসেবে দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে (শনিবার দুপুর ২টোর মধ্যে) যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪১-০৮৬৮৯ / ৭০৪৪১-০৯৩৪৬। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাবার্ডে ১৪৯

*প্রথম পাতার পর*

**শাখানুসারে শূন্যপদের বিন্যাস: জেনারেল**: ৭৪টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে স্নাতক। অথবা স্নাতকোত্তর ডিগ্রি বা এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা সি এ বা সি এস বা আই সি ডব্লু এ।

**এগ্রিকালচার**: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে স্নাতক। অথবা এগ্রিকালচার বা এগ্রিকালচার (সয়েল সায়েন্স/অ্যাগ্রনমি)-তে স্নাতকোত্তর ডিগ্রি।

**এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং**: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

**অ্যানিম্যাল হাজবেন্ড্রি**: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ভেটেরিনারি সায়েন্স বা অ্যানিম্যাল হাজবেন্ড্রিতে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

**ফিশারিজ**: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ফিশারিজ সায়েন্সে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

**ফিনান্স**: ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: ফিনান্স বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ বি বি এ বা বি এম এস পাশ অথবা ফিনান্সিয়াল অ্যান্ড ইনভেস্টমেন্ট অ্যানালিসিসে স্নাতক। অথবা ৫৫ শতাংশ নম্বর ও ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার মেম্বারশিপ। ১-৭-২০২১ তারিখের আগে এই মেম্বারশিপ পেয়ে থাকতে হবে।

**প্ল্যান্টেশন অ্যান্ড হর্টিকালচার**: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: হর্টিকালচারে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।

**কম্পিউটার/ইনফর্মেশন টেকনোলজি**: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

উপরোক্ত সব ক্ষেত্রেই স্নাতকস্তরে অন্তত ৬০ শতাংশ ও স্নাতকোত্তর স্তরে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা সব ক্ষেত্রেই মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2/Grade A/2021-22.

**ম্যানেজার**: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্[illegible] পাশাপাশি [illegible] সি এস বা আই সি ডব্লু এ পাশ করে থাকতে হবে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর-সহ সব স্তরেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

Jobindiagroup

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 3/Grade B/2021-22.

**বয়স**: ১-৭-২০২১ তারিখে ম্যানেজার পদের ক্ষেত্রে ২৫ থেকে ৩২ বছর, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ২৮,১৫০-৫৫,৬০০ টাকা, ম্যানেজার পদের ক্ষেত্রে ৩৫,১৫০-৬২,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হতে পারে অগস্টের শেষ সপ্তাহ বা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, কলকাতা ও বৃহত্তর কলকাতা এবং শিলিগুড়ি।

২০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কম্পিউটার নলেজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ডিসিশন মেকিং, জেনারেল অ্যাওয়্যারনেস, গ্রামীণ ভারত সংক্রান্ত ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যুজ এবং এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে মেন পরীক্ষায় প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রথম পত্রে থাকবে জেনারেল ইংলিশ সংক্রান্ত ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন, দ্বিতীয় পত্রে থাকবে বিষয়-ভিত্তিক প্রশ্ন। প্রতি পেপারের নম্বর ১০০। সময়সীমা প্রথম পত্রের ক্ষেত্রে দেড় ঘণ্টা ও দ্বিতীয় পত্রের ক্ষেত্রে ২ ঘণ্টা।

ম্যানেজার পদের ক্ষেত্রে মেন পরীক্ষায় থাকবে তিনটি পত্র। প্রথম পত্রে থাকবে জেনারেল ইংলিশ সংক্রান্ত ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন, দ্বিতীয় পত্রে থাকবে ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যুজ বিষয়ক প্রশ্ন এবং তৃতীয় পত্রে থাকবে ডেভেলপমেন্ট ইকনমিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স অ্যান্ড ম্যানেজমেন্ট বিষয়ে প্রশ্ন। প্রতি পেপারের নম্বর ১০০ সময়সীমা প্রথম পত্রের জন্য দেড় ঘণ্টা এবং বাকি দুই পত্রের জন্য ২ ঘণ্টা করে। পশ্চিমবঙ্গে মেন পরীক্ষার কেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nabard.org. অনলাইন আবেদনের শেষ তারিখ ৭ অগস্ট। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা অথবা হালকা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৮০০ টাকা এবং ম্যানেজার পদের ক্ষেত্রে ৯০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে শুধু ইন্টিমেশন ফি বাবদ ১৫০ টাকা দিতে হবে। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ভিসা/রুপে), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেট বা আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস)-এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত করার আগে প্রার্থীকে রেজিস্ট্রেশন করাতে হবে। রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়ার পর যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টেরিটোরিয়াল আর্মিতে অফিসার

নিজস্ব ব্যবসা বা অসামরিক চাকরি বজায় রেখেও সেনাবাহিনীর সঙ্গে যুক্ত হতে চাইলে টেরিটোরিয়াল আর্মিতে অফিসার হিসেবে যোগ দেওয়ার সুযোগ নিতে পারেন।

টেরিটোরিয়াল আর্মিতে যোগ দেওয়ার জন্য আবেদন করা যাচ্ছে। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। **বয়স**: ১৯-৮-২০২১ তারিখে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীকে সরকারি বা আধা-সরকারি বা বেসরকারি সংস্থায় চাকরিরত বা স্বনিযুক্ত হতে হবে। তবে সামরিক বাহিনীতে চাকরির উপযোগী দৈহিক সক্ষমতা অবশ্যই থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীরাও আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে। লিখিত পরীক্ষা হবে দু'টি পেপারে। প্রথম পেপারে দু'টি পার্টে থাকবে রিজনিং ও এলিমেন্টারি ম্যাথমেটিক্স। দ্বিতীয় পেপারে দু'টি পার্টে থাকবে জেনারেল নলেজ ও ইংলিশ। প্রতিটি পার্ট ৫০ নম্বরের। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষা ২৬ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের লিখিত পরীক্ষাকেন্দ্র কলকাতা ও দার্জিলিং।

নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সেই সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। প্রথম বছর ১ মাসের বেসিক ট্রেনিং হবে। প্রতি বছর ২ মাসের প্রশিক্ষণ শিবিরে যোগ দিতে হবে। প্রথম ২ বছরের মধ্যে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ৩ মাসের পোস্ট কমিশনিং ট্রেনিং হবে। প্রয়োজন অনুসারে বাহিনী থেকে প্রশিক্ষিতদের ডেকে পাঠানো হবে। ট্রেনিং ও সার্ভিসের সময় ভারতীয় সেনাবাহিনীর সম-র‍্যাঙ্কের বেতনক্রম অনুসারে বেতন ও ভাতা পাওয়া যাবে। ব্রিগেডিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jointerritorialarmy.gov.in. ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ অগস্ট। অনলাইনে দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের একটি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২২৩১-৩২২৭।

# পাওয়ার গ্রিডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

গ্র্যাজুয়েট, ডিপ্লোমাধারী ও আই টি আই পাশ প্রার্থীদের বিভিন্ন ট্রেডে এক বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পাওয়ার গ্রিড। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর Apprenticeship/2021-22/01. কলকাতায় শূন্য আসন ৬৬টি।

আগ্রহী প্রার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apprenticeshipindia.org অথবা https://portal.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergrid.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ অগস্ট।

প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.powergrid.in

# রাজ্য শিক্ষা দপ্তরে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিষয়ে ৪৬ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে রাজ্য সরকারের উচ্চশিক্ষা দপ্তর। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজিক্যাল কলেজগুলিতে নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে: সেরামিক টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল টেকনোলজি এবং টেক্সটাইল টেকনোলজি অ্যান্ড অ্যাপারেল প্রোডাকশন ম্যানেজমেন্ট। নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৭/২০২১।

**শিক্ষাগত যোগ্যতা**: প্রথম শ্রেণির নম্বর-সহ সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক বা এম ই বা এম টেক। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ এম সি এ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা। **বয়স**: ১-১-২০২১ তারিখে ৩৬ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম**: ১৫,৬০০-৩৯,১০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbpsc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ জুলাই। ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। অনলাইন-অফলাইন, দু'পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। উভয় ক্ষেত্রেই সার্ভিস চার্জ অতিরিক্ত। অফলাইনে চালানের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে ৩০ জুলাই পর্যন্ত। তবে চালানের প্রিন্ট আউট ডাউনলোড করতে হবে ২৯ জুলাইয়ের মধ্যে। এ রাজ্যের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# Sister Alphonsa Academy

ISO 9001:2015 Certified Institute

Corporate Office : - সোনারপুর, মিশনপল্লী মোড়, কোলকাতা-৭০০১৫০

## ADMISSION OPEN : 2021 - 2022

### NURSING
- GNM নার্সিং
- B.Sc নার্সিং
- Post Basic Nursing

Approved by : INC

### PHARMACY
- D. Pharmacy
- B. Pharmacy
- Pharm-D

Approved by : PCI

### LAW
- BA LLB
- BBA LLB
- LLB, LLM

Approved by : UGC & BCI

### PARA MEDICAL
- Medical Lab Technology (Dip)
- X-Ray Technician (Dip)
- Optometry Technician (Dip)
- Operation Theatre Technician (Dip)
- Medical Lab Technology (B.Sc)

### ENGINEERING & POLYTECHNIC
- Civil
- Mechanical
- Electrical
- Auto Mobile
- Electrical & Electronics

Jobindiagroup

### MANAGEMENT & COMPUTER SCIENCE
- MBA (HR/ Finance/ Marketing/ Retail)
- BBA, BCA, MCA
- B.Sc/ M.Sc - Computer Science

### Hotel Management

### BASIC SCIENCE
- B.Sc & M.Sc (রেগুলার/ডিস্টেন্স) (Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Micro Biology, Bio-Technology)

### BASIC ARTS
- BA & MA (রেগুলার/ডিস্টেন্স) (Bengali, English, History, Geography, Political Science, Education, Sanskrit & Sociology)

### EDUCATION TRAINING
B.Ed, M.Ed, D.El.Ed, B.P.Ed,

Approved by NCTE

Ph.D Programme under UGC Regulations

## লাইব্রেরী সায়েন্স কোর্স : B.Libs, M.Libs

ভর্তির জন্য সরাসরি ফোন করুন

কোলকাতা (Head Office)

9123012351/7003323135/9748023586

বাঁকুড়া

8348043505

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in